# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd


বিজ্ঞপ্তি নং : ১৩৮/২০২১ তারিখ : ২৯ মার্চ ' ২০২১ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা-এর অধীনে ২০২১ সনে অনুষ্ঠেয় উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় (এইচএসসি) অংশগ্রহণেচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের জ্ঞাতব্য নিয়মাবলী :**

১. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা পাসের তিন বছর পর অর্থাৎ ২০১৬ অথবা তার পূর্বে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থী উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০১৫ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২১ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে।

২. প্রাইভেট পরীক্ষার্থীগণ নতুন পাঠ্যসূচি অনুযায়ী এইচএসসি ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করবে। বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা পরিচালনার নিয়মাবলী প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায়ও প্রযোজ্য হবে।

৩. শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরিরত ব্যক্তি এবং শারীরিক কিংবা দৃষ্টি প্রতিবন্ধী ব্যতীত অন্যান্য প্রাইভেট পরীক্ষার্থীকে বোর্ডের নির্ধারিত কোন কলেজের মাধ্যমে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪. **প্রাইভেট পরীক্ষার জন্য নির্বাচিত কলেজ সমুহের নাম :**

   ১. কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা। ইন নাম্বার - ১০৫৮২২
   ২. চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর। ইন নাম্বার - ১০৩৫৬৮
   ৩. ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া। ইন নাম্বার - ১০৩২৯৪
   ৪. নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী। ইন নাম্বার - ১০৭৬৫৯
   ৫. হাতিয়া দ্বীপ সরকারি কলেজ, হাতিয়া, নোয়াখালী। ইন নাম্বার - ১০৭৪৬৪
   ৬. লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর। ইন নাম্বার - ১০৬৯৯৮
   ৭. ফেনী সরকারি কলেজ, ফেনী। ইন নাম্বার - ১০৬৬৪২

৫. প্রাইভেট পরীক্ষার্থীরা কেবলমাত্র মানবিক এবং ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। তবে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয় ব্যতিত) যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয় নেয়া যাবে না। **প্রাইভেট পরীক্ষার্থীগণ চতুর্থ বিষয় গ্রহণ করতে পারবে না।**

৬. বোর্ডের কোন কর্মচারী কর্মরত অবস্থায় নিজ বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে তাঁরা ইচ্ছা করলে নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৭. সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীগণকে বোর্ড কতৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষের নিকট ২৭/০৪/২০২১ তারিখের মধ্যে প্রয়োজনীয় ফি ও অন্যান্য দলিলাদিসহ সাদা কাগজে আবেদন করতে হবে ।

৮. প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত কলেজের অধ্যক্ষগণ তাঁদের প্রতিনিধির মাধ্যমে আগামী ০২/০৫/২০২১ থেকে ১২/০৫/২০২১ তারিখের মধ্যে প্রাইভেট পরীক্ষার্থী প্রতি ২০০/-(দুইশত) টাকা হারে তালিকাভুক্তি ফি নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) জমা দিতে হবে। প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য ২৩/০৫/২০২১ থেকে ২৭/০৫/২০২১ তারিখের মধ্যে অনলাইনে (eSIF) পূরণ করতে হবে। অধ্যক্ষের আবেদন, পূরণকৃত অনলাইন (eSIF) তালিকা, পে-স্লিপ, মাধ্যমিক/সমমানের পরীক্ষার মূল নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্টসমূহ প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করার জন্য ০৩/০৬/২০২১ তারিখের মধ্যে বোর্ডের উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

৯. বিশেষভাবে উল্লেখ্য যে আবেদন ফরম, মূল নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট সমূহ তালিকার ক্রমানুযায়ী সাজিয়ে জমা দিতে হবে (বিজ্ঞপ্তির সাথে আবেদন ফরম সংযুক্ত)।

১০. **দলিলাদির বিবরণ :**

   ক) যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সনের আগে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found correct লেখা থাকতে হবে। কোনক্রমেই মাধ্যমিক পরীক্ষা বা সমমানের কোন সনদপত্র গ্রহণ করা হবে না।

   খ) যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষাবোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশি- ষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found correct লেখা থাকতে হবে।

   গ) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সনের আগে মাদ্রাসা শিক্ষাবোর্ড থেকে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।

   ঘ) যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদেরকে মূল প্রবেশ পত্র আবেদন ফরম পূরনের সময় জমা দিতে হবে।

   ঙ) বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/এ বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থীত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কার হয়নি অথবা হয়ে থাকলেও উহার মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২১ সনের উচ্চমাধ্যমিক পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ভুয়া তথ্য প্রদান করলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে ।

চলমান পাতা - ২

চ) প্রার্থীর সাম্প্রতিক তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ফটোর সন্মুখভাগে প্রার্থীর নিজের নাম স্বাক্ষর করতে হবে এবং তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের দ্বারা সত্যায়িত করে আইকা আঠা দিয়ে আবেদন ফরমে আটকিয়ে দিতে হবে।

ছ) শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরির মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

জ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে একবছর যাবত সক্রিয়ভাবে চাকুরিতে আছেন মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার নিকট হতে সীলমোহরকৃত সার্টিফিকেট দিতে হবে।

ঝ) কোন অবস্থাতেই নম্বরপত্র/ট্রান্সক্রিপ্টের পরিবর্তে মাধ্যমিক পরীক্ষার সনদপত্র দিয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করা যাবে না। এ বিষয়ে সংশি- ষ্ট কলেজের অধ্যক্ষগণকে বিশেষ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো।

১১. প্রাইভেট পরীক্ষার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তাদেরকে আবশ্যিক বিষয় বাংলা এবং ইংরেজিসহ অন্য যে কোন তিনটি বিষয়ে পরীক্ষা দিতে হবে। প্রত্যেক বিষয়ে পূর্ণমান ১০০ নম্বর এবং সময়কাল হবে ০৩ ঘন্টা ।

১২. প্রাইভেট পরীক্ষার্থীদের গৃহীত বিষয়সমুহ পাঠ্যসূচিতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভূত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে ।

১৩. **সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীদেরকে নিচে বর্ণিত হারে ফি জমা দিতে হবে :**

ক) যাদের নির্বাচনী পরীক্ষা আছে তাদের নির্বাচনী পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) ২০০.০০ (দুইশত) টাকা (কলেজের প্রাপ্য)।

খ) যাদের নির্বাচনী পরীক্ষা নেই তাদের ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা (কলেজের প্রাপ্য)।

গ) তালিকাভূক্তি ও রেজিস্ট্রেশন ফি (প্রতি পরীক্ষার্থী) ২০০.০০ (দুইশত) টাকা (বোর্ডের প্রাপ্য)।

ঘ) প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত সময়ের পর বিশেষ অনুমতি ফি (প্রতি পরীক্ষার্থী) ৩০০.০০ (তিনশত) টাকা (বোর্ডের প্রাপ্য)।

ঙ) অর্ন্তভূক্তি ফরম পূরণের সময় বোর্ডে এইচএসসি পরীক্ষার বিজ্ঞপ্তিতে উল্লিখিত হারে ফি জমা দিতে হবে।

১৪. প্রাইভেট পরীক্ষার্থীগণকে উক্ত ৭, ৮ ও ৯ ক্রমিকে বর্ণিত তারিখের মধ্যে নির্ধারিত কলেজসমূহের যে কোন একটির মাধ্যমে রেজিস্ট্রেশন করাতে হবে। উক্ত রেজিস্ট্রেশন শুধু ২০২১ সনের এইচএসসি পরীক্ষার জন্য কার্যকর বলে গণ্য হবে। তবে এ পরীক্ষায় যদি কেউ শুধু একটি বিষয়ে অকৃতকার্য হয়, তাহলে ঐ এক বিষয়ে পরীক্ষা দেয়ার জন্য তাঁর রেজিস্ট্রেশনের মেয়াদ পরবর্তী এক বছরের জন্য নবায়ন করা যাবে ।

১৫. প্রাইভেট পরীক্ষার্থীরা যে কলেজের মাধ্যমে নির্বাচিত হবে সে কলেজের নির্ধারিত কেন্দ্রে তারা উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন অবস্থায় কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

১৬. কোন কারণ না দেখিয়ে যে কোন পরীক্ষার্থীর আবেদনপত্র অগ্রাহ্য বা বাতিল করার ক্ষমতা বোর্ডের সংরক্ষিত থাকবে, সকল প্রাইভেট পরীক্ষার্থী বোর্ডের পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকবে।

১৭. **প্রাইভেট রেজিস্ট্রেশন সম্পন্নকালে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ এবং শিক্ষার্থীদেরকে অবশ্যবই কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৯/০৩/২১

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১- ৭৬১৭২

স্মারক নং : উমা/পরী/প্রাইভেট/০৭/১৯২৪

তারিখ : ২৯ মার্চ ' ২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
২. অধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর
৩. অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া
৪. অধ্যক্ষ, নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী
৫. অধ্যক্ষ, হাতিয়া দ্বীপ সরকারি কলেজ, হাতিয়া, নোয়াখালী
৬. অধ্যক্ষ, লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর
৭. অধ্যক্ষ, ফেনী সরকারি কলেজ, ফেনী
৮. সংশ্লিষ্ট নথি

২৯/০৩/২০২১

(মোহাম্মদ হাবিবুর রহমান)
উপ- পরীক্ষা নিয়ন্ত্রক (উ.মা.)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬৪৩৭

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬৩২৮  ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮
website : www.comillaboard.gov.bd

পাসপোর্ট সাইজ ছবি আঠা দিয়ে আটকানোর পর অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত

বরাবর
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

**বিষয় ঃ ২০....... সনে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রাইভেট প্রার্থীর রেজিস্ট্রেশনের জন্য আবেদন।**

মহোদয়,

আমি ২০ .......... সনে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে (মানবিক/ব্যবসায় শিক্ষা শাখা) রেজিস্ট্রেশনের অনুমতি প্রার্থনা করছি। এই প্রার্থীতার সমর্থনে নিম্নে ১-১০ পর্যন্ত তথ্যাদি প্রদত্ত হলো।

১. প্রার্থীর নাম ঃ .................................................. ইংরেজিতে ঃ ..................................................
২. পিতার নাম ঃ .................................................. ইংরেজিতে ঃ ..................................................
৩. মাতার নাম ঃ .................................................. ইংরেজিতে ঃ ..................................................

৪. ক) বর্তমান ঠিকানা ঃ
প্রযত্নে ..................................................
গ্রাম ..................................................
ডাকঘর ..................................................
উপজেলা ..................................................
জেলা ..................................................

খ) স্থায়ী ঠিকানা ঃ
প্রযত্নে ..................................................
গ্রাম ..................................................
ডাকঘর ..................................................
উপজেলা..................................................
জেলা ..................................................

৫. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষা পাসের বিবরণ ঃ

ক) উত্তীর্ণ পরীক্ষার নাম ঃ................................ খ) কেন্দ্র ............. গ) রোল নং ঃ ........................

ঘ) রেজিঃ নং ও শিক্ষাবর্ষ ঃ ................................ ঙ) পাশের সন ঃ ............. চ) বোর্ড ঃ ...................

৬. যোগ্যতা প্রমাণের দলিল পত্রাদি ঃ

ক) .................................................. খ) ..................................................
গ) .................................................. ঘ) ..................................................

৭. যেসব বিষয়ে পরীক্ষা দিতে ইচ্ছুক (বিষয়ের নাম ও বিষয় কোড)

**আবশ্যিক :**

ক) বাংলা ১ম ও ২য় পত্র (কোড : ১০১, ১০২)
খ) ইংরেজি ১ম ও ২য় পত্র (কোড : ১০৭, ১০৮)
গ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (কোড : ২৭৫)

**নৈর্বাচনিক : (বিষয় "ক" ও "খ" গুচ্ছভিত্তিক নির্বাচন করতে হবে)**

ক) ................ ১ম ও ২য় পত্র (কোড : )
খ) ................ ১ম ও ২য় পত্র (কোড : )
গ) ................ ১ম ও ২য় পত্র (কোড : )

বিঃ দ্রঃ প্রাইভেট পরীক্ষার্থী চতুর্থ বিষয় এবং যেসব বিষয়ে ব্যবহারিক অংশ আছে **(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতিত)** সেসব বিষয় নির্বাচন করতে পারবে না। নির্বাচিত বিষয়ে রদবদল কোনক্রমেই চলবে না। **বাংলা সহজ বিকল্প পাঠ বিষয়টি নির্বাচন করতে পারবে না।**

৮. মাতৃভাষা ও যে ভাষায় উত্তরপত্র লেখবে ঃ ..................................................
৯. কলেজের নাম (রেজিস্ট্রেশনকৃত) ঃ ..................................................
১০. পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..................................................

আমি অঙ্গীকার করছি যে, উপরোক্ত বিবরণী সত্য, তৎসংযুক্ত দলিল পত্রাদি সঠিক। আমাকে ইতোপূর্বে উক্ত পরীক্ষার জন্য অনুপযুক্ত ঘোষনা করা হয়নি। যদি আমার প্রদত্ত বিবরণী ও দলিল পত্রাদি মিথ্যা বলে প্রমাণিত হয় তবে আমার আবেদন বাতিল বলে গন্য হবে।

আপনার অনুগত

পরীক্ষার্থী স্বাক্ষর
তাং ................................
মোবাইল নং ঃ ................................

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল